**ড্রেসকোড (Dress Code)** । অত্র বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ড্রেসকোড মেনে চলতে হবে:

ক। **ছাত্র**। এই বিধির অধীন বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের পরিধানযোগ্য পোশাক-পরিচ্ছদ নিম্নরুপ:

(১) রুচিসম্মত (Sober) ট্রাউজার/প্যান্ট;
(২) বেল্ট বাকেটসহ;
(৩) ফুল বা হাফ হাতাওয়ালা হালকা রংয়ের বা মানানসই কলারওয়ালা শার্ট (শীতকালে ফুল শার্ট এবং গরমকালে ফুল/হাফ শার্ট);
(৪) শীতকালের জন্য স্যুট/ব্লেজার/সুয়েটার;
(৫) মানানসই রঙের টাই (প্রযোজ্য ক্ষেত্রে);
(৬) মানানসই কালো, ব্রাউন বা চকলেট কালারের জুতা এবং মোজা।

খ। **ছাত্রী**। এই বিধির অধীন বিশ্ববিদ্যালয়ের ছাত্রীদের পরিধানযোগ্য পোশাক-পরিচ্ছদ নিম্নরুপ:

(১) রুচিসম্মত (Sober) সালোয়ার কামিজ ও বড় ওড়না;
(২) মানানসই জুতা;
(৩) শীতকালে রুচিসম্মত (Sober) রঙের সুয়েটার/কার্ডিগান/ব্লেজার/কোট।

গ। **শিক্ষার্থীরা যে সকল ড্রেস পরিধান করে একাডেমিক কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবে না।**

(১) যেকোনো ধরনের টি-শার্ট, প্রিন্ট শার্ট এবং যেকোনো ধরনের ফতুয়া;
(২) হাতাকাটা কামিজ/ব্লাউজ, টপস, লেগিংস্ এবং সকল ধরনের স্কার্ট (ছাত্রীদের জন্য প্রযোজ্য);
(৩) ছেঁড়া-ফাটা জামা ও প্যান্ট/ট্রাউজার;
(৪) জিন্স (শার্ট/প্যান্ট), চামড়ার ট্রাউজার/প্যান্ট;
(৫) উগ্র রঙের পোশাক;
(৬) যে কোন ধরনের স্যান্ডেল (ছাত্রদের জন্য প্রযোজ্য);
(৭) ক্যাপ বা হ্যাট;
(৮) থ্রি-কোয়ার্টার প্যান্ট/শর্টস;
(৯) যেকোন ধরণের অমার্জিত পোশাক-পরিচ্ছদ।

**আচরণবিধি ও ড্রেসকোড অমান্যকারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ।**

ক। অত্র বিধি'র ৪ এবং ৫ নং অনুচ্ছেদে উল্লেখিত আচরণবিধি ও ড্রেসকোড লঙ্ঘন/অমান্যকারীদের বিরুদ্ধে মাত্রা বিবেচনায় বিভাগীয় প্রধান নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণ করতে পারবেন:

(১) মোটিভেশন;
(২) মৌখিক/লিখিত সতর্কীকরণ;
(৩) লিখিতভাবে অভিভাবককে অবহিতকরণ।